

স্মারক নং ৫৩.০৩.০০০০.০০০.০০৯.১১.০০০৭.২৫.

তারিখ: ১৬/১২/২০২৫ খ্রি.

একাউন্টিং পরামর্শক নিয়োগের বিজ্ঞপ্তি

বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিম্নবর্ণিত কর্মপরিধি পরিপালনের জন্য পূর্ণকালীন ০১ (এক) জন 'একাউন্টিং পরামর্শক' চুক্তিভিত্তিক নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| পদের নাম | সংখ্যা | চুক্তির মেয়াদ | যোগ্যতা ও অভিজ্ঞতা |
|-----------------------------------|---------|----------------------------|--|
| 'একাউন্টিং পরামর্শক' (পূর্ণকালীন) | ০১ (এক) | ২ (দুই) বৎসর (নবায়নযোগ্য) | (ক) দেশের কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে হিসাববিজ্ঞান বিষয়ে অনূন্বন দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএসহ স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রী থাকতে হবে; (খ) হিসাবরক্ষণ সংশ্লিষ্ট বিষয়ে অনূন্বন ১০ (দশ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে; (গ) সিএ কোর্স সমাপ্তকারীদের অগ্রাধিকার প্রদান করা হবে; (ঘ) আবেদনের তারিখে আবেদনকারীর বয়স অনূন্বন ৪০ (চল্লিশ) বৎসর হতে হবে; (ঙ) অর্পিত দায়িত্ব নিজেস্ব কর্তে সম্পন্ন করতে হবে বিধায় প্রার্থীকে হাতে কলমে কাজ করার মানসিকতা সম্পন্ন হতে হবে। (চ) শুধুমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে; |

কর্মপরিধি:

- (ক) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের অভ্যন্তরীণ নিরীক্ষক হিসেবে দায়িত্ব পালন;
- (খ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের বার্ষিক হিসাব বিবরণী প্রস্তুতকরণ;
- (গ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের Bank Reconciliation বিবরণী প্রস্তুতকরণ;
- (ঘ) অডিট আপত্তি নিষ্পত্তিকরণ;
- (ঙ) বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের হিসাব শাখায় কর্মরতদের প্রশিক্ষণ প্রদান;
- (চ) ডিজিটাল হিসাব ব্যবস্থা বাস্তবায়নে মূখ্য ভূমিকা পালন;
- (ছ) হিসাব নিরীক্ষা বিষয়সহ সময়ে সময়ে কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অন্যান্য বিষয়ে কর্তৃপক্ষকে পরামর্শ প্রদান।

আবেদনকারীকে সাদা কাগজে নিম্নবর্ণিত তথ্য ও চাহিদা প্রতিপালনপূর্বক আবেদন করতে হবে।

- ০১। (ক) নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জন্ম তারিখ ও বয়স (ছ) শিক্ষাগত যোগ্যতার পূর্ণ বিবরণ (জ) সংশ্লিষ্ট অন্যান্য কর্ম-অভিজ্ঞতা, দক্ষতা ও কার্যাবলীর বিবরণ সম্বলিত পূর্ণ জীবন বৃত্তান্ত।
- ০২। আবেদন 'চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' বরাবর আগামী ২৯/১২/২০২৫ তারিখের মধ্যে ই-মেইলযোগে/ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে। উক্ত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না। (ই-মেইল : networkadmin@idra.org.bd)
- ০৩। আবেদনের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি ছবি (রঙিন), শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণক, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৪। প্রত্যেক আবেদনকারীকে আবেদনের সাথে 'বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ' এর অনুকূলে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের পে-অর্ডার/ড্রাফট (অফেরতযোগ্য) দাখিল করতে হবে।
- ০৫। একাউন্টিং পরামর্শক এর বেতন/ভাতাদি আলোচনা সাপেক্ষে চুক্তি দ্বারা নিয়ন্ত্রিত হবে;
- ০৬। একাউন্টিং পরামর্শক নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষ যে কোন শর্ত সংশোধন/ সংযোজন/বিয়োজন/ পরিমার্জন করার ক্ষমতা সংরক্ষণ করে।



পরিচালক (প্রশাসন)

ফোন : ৪১০৫১৩৮০

ই-মেইল : directoradmin@idra.org.bd